

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 29-06-2025
Time: 07:52-08:00 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ বিদেশের জনগণের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করেন।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ২০২৫ সালের পয়লা জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত রাজ্যে মোট ৬৭৪ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের শিলান্যাস হয়েছে।
- (৩) এক সপ্তাহ ব্যাহত থাকার পর, আজ উত্তর-পূর্বাঞ্চলের সঙ্গে ঔয়াহাটি হয়ে দেশের বাকি অংশের মধ্যে ট্রেইন পরিষেবা আংশিকভাবে পুনরায় চালু হয়েছে।
- (৪) স্পোর্টস জার্নালিস্টস ফেডারেশন অব ইণ্ডিয়ার সভাপতি হিসেবে নির্বাচিত হলেন ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ক্লাবের সভাপতি সরযু চক্রবর্তী।

Maan Ki Baat :

আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে স্বাস্থ্য থেকে শুরু করে সামাজিক সুরক্ষা পর্যন্ত, দেশ প্রতিটি ক্ষেত্রেই সমৃদ্ধির অনুভূতি নিয়ে এগিয়ে চলেছে, যা সামাজিক ন্যায়বিচারের একটি দুর্দান্ত চিত্র। তিনি বলেন, বর্তমানে ভারতের বেশিরভাগ জনগণ কোনও না কোনও সামাজিক সুরক্ষা সুবিধা গ্রহণ করছে।

তিনি বলেন আন্তর্জাতিক শ্রম সংস্থার প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে ভারতের জনসংখ্যার ৬৪ শতাংশেরও বেশি এখন নিশ্চিতভাবেই কোনও না কোনও সামাজিক সুরক্ষা সুবিধা পাচ্ছেন। তিনি আরও বলেন, দেশের

প্রায় ৯৫ কোটি মানুষ কোনও না কোনও সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা পাচ্ছেন। প্রধানমন্ত্রী বলেন, ২০১৫ সাল পর্যন্ত দেশের ২৫ কোটিরও কম মানুষের কাছে সরকারি প্রকল্পগুলি পৌঁছেত। শ্রী মোদী উল্লেখ করেন যে, এই সাফল্যগুলি আত্মবিশ্বাস জাগিয়ে তুলেছে যে আগামী সময় আরও ভালো হবে এবং ভারত প্রতিটি পদক্ষেপে আরও শক্তিশালী হয়ে উঠবে।

প্রধানমন্ত্রী, বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক ভারতকে ট্যাকোমা মুক্ত ঘোষণার কথা উল্লেখ করে বলেন, এটি লক্ষ লক্ষ মানুষের কঠোর পরিশ্রমের ফল যারা এই রোগের বিরুদ্ধে অক্ষণ্টভাবে, বিরতিহীনভাবে লড়াই করেছেন। শ্রী মোদী বলেন, স্বচ্ছ ভারত অভিযান এটি নির্মূল করতে সাহায্য করেছে এবং জল জীবন মিশনও এই সাফল্যে অনেক অবদান রেখেছে।

জরুরি অবস্থা সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন, জনসাধারণের অংশগ্রহণের শক্তি দিয়ে বড় বড় সংকট মোকাবেলা করা যায়, এবং জনগণের শক্তির কারণেই তারা মাথা নত করেনি, ভেঙে পড়েনি এবং গণতন্ত্রের সাথে কোনও আপস মেনে নেয়নি।

শ্রী মোদী আরও বলেন, মাত্র কয়েকদিন আগে দেশে জরুরি অবস্থা আরোপের ৫০ বছর পূর্ণ হয়েছে এবং দেশবাসী সেদিন সংবিধান হত্যা দিবস পালন করেছে।

এই মাসের ২১ তারিখে পালিত আন্তর্জাতিক যোগ দিবসের কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, দেশ ও বিশ্বের কোটি কোটি মানুষ এতে অংশগ্রহণ করেছেন।

প্রধানমন্ত্রী বলেন, এবারের যোগ দিবসের ভাবনা - 'এক পৃথিবী, এক সুস্থতার জন্য যোগ' কেবল একটি স্লোগান নয় বরং একটি দিকনির্দেশনা যা মানুষকে বসুধৈব কুটুম্বকর্মের মর্ম উপলক্ষ্মি করতে সাহায্য করে।

প্রধানমন্ত্রী বলেন কৈলাস মানস সরোবর যাত্রা, অমরনাথ যাত্রা এবং জগন্নাথ রথযাত্রা, উত্তর থেকে দক্ষিণ, পূর্ব থেকে পশ্চিম, এক ভারত-শ্রেষ্ঠ ভারতের চেতনার প্রতিফলন। তিনি উল্লেখ করেন যে এই ধর্মীয় তীর্থযাত্রাগুলি সেবার চেতনার জন্যও একটি দুর্দান্ত সুযোগ।

প্রধানমন্ত্রী বলেন, আসামের বোড়োল্যান্ড আজ দেশে এক নতুন মুখ এবং নতুন পরিচয় নিয়ে আলাদাভাবে দাঁড়িয়ে আছে।

তিনি মেঘালয়ের এরি সিঙ্কের জিআই ট্যাগিং সম্পর্কে বলেন যে এটি রাজ্যের জন্য একটি প্রতিহ্য।

প্রধানমন্ত্রী নারী-নেতৃত্বাধীন উন্নয়নের কথা উল্লেখ করে বলেন যে, ভারত একটি নতুন ভবিষ্যৎ তৈরি করতে প্রস্তুত, কারণ দেশের মহিলারা আজ কেবল নিজেদের জন্য নয়, সমগ্র সমাজের জন্য একটি নতুন দিকনির্দেশনা দিচ্ছেন। এ প্রসঙ্গে তিনি তেলেঙ্গানার ভদ্রাচলমের মহিলাদের সাফল্যের কথা উল্লেখ করেন।

এই মাসে পালিত বিশ্ব পরিবেশ দিবস প্রসঙ্গে প্রধানমন্ত্রী, পুনের রমেশ থারমালে এবং তার পরিবারের জুন্নার পাহাড়ে ঝোপঝাড় পরিষ্কার ও জল ধরে রাখার জন্য ৭০টি পরিষ্ঠা খননের কথা এবং আহমেদাবাদ পৌর কর্পোরেশনের মিলিয়ন ট্রি অভিযানের কথাও বলেন।

Byte-PM# # # # #

* * * * * * * * * * * * * * * * * *

Maan Ki Baat-State :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ ধলাই জেলার রাইমাভ্যালিতে, উপস্থিত জনগণের সঙ্গে 'মন কি বাত শোনেন।

কৃষিমন্ত্রী রতন লাল নাথ মোহনপুর মন্ডলের উদ্যোগে মোহনপুর বাজারে, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বামুটিয়া বিধানসভার অন্তর্গত বৈদ্যনাথ কমিউনিটি হলে, সাংসদ তথা প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য আজ খয়েরপুর মন কি বাত অনুষ্ঠান শোনেন এবং তারা তিনজনই আজ প্রথক প্রথক বৃক্ষরোপণ কর্মসূচিতেও অংশ নেন।

মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর তুষার কাণ্ঠি ভট্টাচার্য সহ অন্যান্যরা আজ আগরতলার শংকর গীতা আশ্রমে 'মন কি বাত' অনুষ্ঠান শোনেন

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ উনকোটি জেলার জগন্নাথপুর পঞ্চায়েতে এবং অর্থমন্ত্রী প্রণজিঃ সিংহ রায় উদয়পুর পাঠ্ভবন প্রাঙ্গনে মন কি বাত অনুষ্ঠান শোনেন।

শ্রী সিংহ রায় অনুষ্ঠান শেষে 'এক পেড় মাকে নাম' কর্মসূচির অঙ্গ হিসেবে পাঠ ভবন স্কুল প্রাঙ্গনে বৃক্ষরোপণ করেন।

* * * * *

CM-Dhalai :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ২০২৫ সালের পঞ্চায়ারি থেকে জুন মাস পর্যন্ত রাজ্যে মোট ৬৭৪ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের শিলান্যাস হয়েছে। আজ আমবাসার ধলাই জেলার গঙ্গানগরে ২৭টি প্রকল্পের উদ্বোধন এবং ৫টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন রাজ্য সরকার স্বাস্থ্য, শিক্ষা থেকে শুরু করে প্রতিটি স্তরে নতুন নতুন প্রকল্পের মাধ্যমে আধুনিকীকরণের সিদ্ধান্ত নিয়েছে, যার মধ্যে রয়েছে ২০ কোটি টাকা ব্যয়ে ৪টি জেলায় নেশা মুক্তি কেন্দ্র স্থাপন, চক্ষু হাসপাতাল স্থাপন ইত্যাদি। তিনি বলেন বর্তমান রাজ্য সরকার ত্রিপুরায় মহিলা ক্ষমতায়নের বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখছে। তাছাড়া স্বাস্থ্য ক্ষেত্রে লিভারের থেকে কিডনির চিকিৎসা বিষয়ে রাজ্যের চিকিৎসকরা সাফল্য অর্জন করছেন। তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত করেছেন। তিনি বলেন উন্নয়নের কাজে সমাজ যথন সাহায্যের হাত বাড়াবে তখনই প্রকৃত উন্নয়ন সম্ভব হবে। অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিক্সু রায় বলেন রাজ্য এখন উন্নয়নের পথে অনেকথানি অগ্রসর হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস প্রমুখ। উল্লেখ্য, আজ প্লাস্টিক বর্জ পৃথকীকরণ কেন্দ্র, সম্মানিত শিশু বিকাশ প্রকল্প, লালছড়িতে চাইল্ড কেয়ার সেন্টারের নব নির্মিত ভবন, অঙ্গনওয়াড়ি কেন্দ্র ইত্যাদির উদ্বোধন হয়।

Train Service :

ভূমিধসের কারণে এক সপ্তাহ ব্যাহত থাকার পর, আজ দক্ষিণ আসাম, ত্রিপুরা, মণিপুর, মিজোরাম এবং গুয়াহাটি হয়ে দেশের বাকি অংশের মধ্যে ট্রেন পরিষেবা আংশিকভাবে পুনরায় চালু হয়েছে। উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের প্রধান জনসংযোগ কর্মকর্তা কপিঙ্গল কিশোর শর্মা জানিয়েছেন যে ক্ষতিগ্রস্ত রেলপথ পুনরায় চালু হওয়ার পর প্রথম পণ্যবাহী ট্রেন এবং প্রথম যাত্রীবাহী ট্রেন, কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ভূমিধসে ক্ষতিগ্রস্ত স্থান জাটিংগা লামপুর অতিক্রম করেছে। এছাড়াও, গুয়াহাটিতে আটকে থাকা নির্ধারিত একটি পিওএল ওয়াগন উত্তর ত্রিপুরার ধর্মনগরে পাঠানো হচ্ছে বলে জানান তিনি।

Update Akashvani :

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

INTUC :

আগামী ৯ জুলাই INTUC সহ ১০টি শ্রমিক সংগঠন দেশব্যাপী একদিনের সাধারণ ধর্মঘটের ডাক দিয়েছে। আজ INTUC এর রাজ্য কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে সংগঠনের রাজ্য সভাপতি বিপ্লব কুমার রায় জানান

কৃষক, ছাত্র, কর্মচারী সহ সাধারণ মানুষের স্বার্থ সংশ্লিষ্ট ১৭ দফা দাবি আদায়ের লক্ষ্যে এই সাধারণ ধর্মঘটের ডাক দেয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিতি ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক স্বপন দে, জ্যোতির্ময় ধর প্রমুখ।

* * * * *

Sports Journalist :

ক্রীড়া সাংবাদিকদের সর্বভারতীয় সংগঠন স্পোর্টস জার্নালিস্টস ফেডারেশন অব ইন্ডিয়ার সভাপতি হিসেবে নির্বাচিত হলেন ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ক্লাবের সভাপতি সরয়ু চক্রবর্তী। আজ ভুবনেশ্বরে স্পোর্টস জার্নালিস্টস ফেডারেশন অব ইন্ডিয়ার বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন হয়। এতে দুবছরের জন্য নতুন কমিটি গঠন করা হয়। কমিটির কার্যকরী সদস্য হিসেবে সুপ্রভাত দেবনাথ নির্বাচিত হন।

* * * * *

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিশ্বিস্তভাবে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

* * * * *